

সিস্টিক ফাইব্রোসিস স্ক্রিনিং সংক্রান্ত তথ্য

সিস্টিক ফাইব্রোসিস কী?

- সিস্টিক ফাইব্রোসিস একটি গুরুতর অসুখ।
- যাদের সিস্টিক ফাইব্রোসিস থাকে তাদের ফুসফুস, মলাশয়, অগ্নাশয় ও অন্যান্য অঙ্গে সমস্যা থাকে। এর কারণে অঙ্গসমূহ পুরু, চটচটে শ্লেষ্মায় ঢেকে যায়।
- যে সকল লোকেদের সিস্টিক ফাইব্রোসিস থাকে তারা 40 এর বেশি বাঁচে না।

কী কারণে সিস্টিক ফাইব্রোসিস হয়?

- প্রতিটি ব্যক্তির হাজার হাজার জিন রয়েছে। আপনি বাবা মায়ের থেকে জিন পান। আপনি কে, কেমন দেখতে এবং আপনার স্বাস্থ্যের ক্ষেত্রে জিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- আমাদের 2টি জিন আছে এদের নাম CTRF। যাদের সিস্টিক ফাইব্রোসিস আছে তারা তাদের বাবা মায়ের থেকে অস্বাভাবিক (স্বাভাবিক নয়) CTRF জিন পান বলেই এই অসুখ হয়।

কেন আমাকে এই পরীক্ষা করাতে হবে?

- এই পরীক্ষা থেকে জানতে পারব আমার CTRF জিন অস্বাভাবিক কিনা। আপনার CTRF জিন অস্বাভাবিক হলে, আপনি সিস্টিক ফাইব্রোসিসের বাহক।
- বাহক হওয়া মানে এই নয় যে আপনার সিস্টিক ফাইব্রোসিস আছে। যদি আপনার বাচ্চার বাবাও বাহক হন তাহলে আপনার বাচ্চার এই রোগ হতে পারে।

এই পরীক্ষা থেকে আমি কী জানতে পারব?

এর ফলাফল থেকে জানতে পারবেন আপনার CTRF জিন স্বাভাবিক কিনা।

- যদি আপনার CTRF জিন স্বাভাবিক হয়, তাহলেও আপনার বাচ্চার সিস্টিক ফাইব্রোসিস হওয়ার ক্ষীণ সম্ভাবনা রয়েছে। এর কারণ

পরীক্ষায় কেবল কিছু CTFR জিনের সমস্যা দেখা হয়। পরীক্ষায় সমস্ত CTFR জিনের সমস্যা পাওয়া যাবে না।

- **আপনার CTFR জিন অস্বাভাবিক হলে**, আপনি সিস্টিক ফাইব্রোসিসের বাহক। আপনার বাচ্চার বাবাও বাহক হলে আপনার বাচ্চার এই রোগ হতে পারে।

পরীক্ষার সময় কী হবে?

আমরা কিছুটা রক্ত নেব। আপনার রক্ত পরীক্ষাগারে পাঠাব যাতে পরীক্ষা করা যেতে পারে।

পরীক্ষার পর আমার রক্তের কী হবে?

পরীক্ষার পরে পরীক্ষাগারা আপনার রক্ত ফেলে দেবে। যদি পরীক্ষায় দেখা যায় যে আপনার আরও পরীক্ষার দরকার তাহলে পরীক্ষাগারে আপনার রক্ত 6 মাস পর্যন্ত রাখা হবে।

পরীক্ষার খরচ কত?

আপনার স্বাস্থ্য বিমা এই পরীক্ষার খরচ বহন করবে। যদি আপনার স্বাস্থ্য বিমা না থাকে তাহলে আপনাকে এর খরচ বহন করতে হতে পারে।